

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৫৫১

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৩৮. লাশ কবরে রাখা

بَابِ مَا جَاءَ فِي إِدْخَالِ الْمَيِّتِ الْقَبْرَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ مُحَمَّدٍ الرَّقَاشِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ الْخَطَّابِ حَدَّثَنَا مَنْدَلُ بْنُ عُلِي عَنْ أَبِيهِ عَنْ ذَاوُدَ بْنِ الْحُصَيْنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي عَنْ أَبِي كَا إِلَهِ بْنِ أَبِي رَافِعٍ عَنْ دَاوُدَ بْنِ الْحُصَيْنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي عَنْ أَبِي كَلْ عَلْى الله عليه وسلم سَعْدًا وَرَشَّ عَلَى وَلَفِعٍ قَالَ سَلَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم سَعْدًا وَرَشَّ عَلَى قَبْرِهِ مَاءً

বাংলা

২/১৫৫১। আবূ রাফি' (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (খাটিয়া থেকে) সা'দ (রাঃ)-এর লাশ পাযের দিক থেকে কবরে নামান এবং তার কবরে পানি ছিটিয়ে দেন।

English

It was narrated that Abu Rafi' said:

"The Messenger of Allah (ﷺ) placed Sa'd gently in his grave and sprinkled water on it."

ফুটনোট

মিশকাত ১৭১৯।

তাহকীক আলবানীঃ অত্যন্ত যঈফ। উক্ত হাদিসের রাবী ১. আবদুল মালিক বিন মুহাম্মাদ আর রকশী সম্পর্কে ইবনু হিবান বলেন, তিনি সিকাহ। ইমাম দারাকুতনী বলেন, তিনি সত্যবাদী কিন্তু সানাদে অধিক ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় ভুল করেন। ২. মিনদাল বিন আলী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই, তবে অন্যত্রে বলেন, তিনি



দুর্বল। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু নুমায়র বলেন, তিনি কিছু হাদিসের মাঝে সংমিশ্রণ করেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ৩. মুহাম্মাদ বিন উবায়দুল্লাহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই। ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও তার মাঝে একাধিক মুনকার হাদিস পাওয়া যায়। ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ রাফি' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন